

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বিএনপির ৬ দিনব্যাপী কর্মসূচি

কাগজ প্রতিবেদক : মহান শহীদ দিবস ও মাতৃভাষা আন্দোলনের ৫০ বছর পূর্তি ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে বিএনপি ও দলীয় অঙ্গ সংগঠনের উদ্যোগে দেশব্যাপী কর্মসূচি গ্রহণ করা হয়েছে। তবে কেন্দ্রীয়ভাবে ৬ দিনব্যাপী কর্মসূচির অনুষ্ঠানমালা হবে :

আয়োজিত কর্মসূচির মধ্যে রয়েছে ১৬ ফেব্রুয়ারি শনিবার বিকাল ৪টায় রমনা বটমূলে ভাষা আন্দোলনের ৫০ বছর পূর্তি উপলক্ষে ৬ দিনব্যাপী অনুষ্ঠানমালার আনুষ্ঠানিক উদ্বোধন করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে আলোচনা সভা, কবিতা পাঠ, আবৃত্তি, সঙ্গীত ও নৃত্য অনুষ্ঠিত হবে। ১৭ ফেব্রুয়ারি বিকাল ৪টায় কেন্দ্রীয় শহীদ মিনারে জাসাসের উদ্যোগে 'আমাদের মাতৃভাষা ও সংস্কৃতি' শীর্ষক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান, ১৮ ফেব্রুয়ারি শিওর একাডেমীতে 'জিয়া শিওর কিশোর সংগঠনের' আয়োজনে শিওর জিলায় প্রতিযোগিতার পুরস্কার বিতরণী ও সাংস্কৃতিক অনুষ্ঠান, ১৯ ফেব্রুয়ারি রমনা বটমূলে বিএনপি শ্রমিক দলের উদ্যোগে এবং ২০ ফেব্রুয়ারি বিএনপির উদ্যোগে রমনা বটমূলে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। ২১ ফেব্রুয়ারি বুধশনিবার মহান শহীদ দিবস। এই দিন ভোরে বিএনপি সহ তার অঙ্গসংগঠন দলীয় কার্যালয়ে জাতীয় ও দলীয় পতাকা অর্ধনমিত রাখবে এবং শোকসূচক কালো পতাকা উত্তোলন করবে। ভোর ৬টায় নীলক্ষেত বলাকা সিনেমা হলের সামনে জমায়ত, কাশা ব্যাজ ধারণ, সকাল ৭টায় প্রভাতফেরি সহকারে আজিমপুর কবরস্থানে ভাষা শহীদদের করবে ও কেন্দ্রীয় শহীদ মিনারে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করবে।